অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

সহায়ক আবাসন প্রকল্পের জন্য গভর্নর হোকলের 31.5 মিলিয়ন ডলার ঘোষণা

স্টেটের অর্থায়ন গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য 332 ইউনিট স্থায়ী সহায়ক আবাসন তৈরি করবে

নিউ ইয়র্কবাসীদের আবাসনের স্থিতিশীলতা বাড়ানোর জন্য গভর্নরের 25 বিলিয়ন ডলারের পঞ্চবার্ষিক আবাসন পরিকল্পনার পরিপূরক প্রকল্প

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য স্থায়ী সহায়তামূলক আবাসন প্রদান করবে এমন সাতটি প্রকল্পের জন্য 31.5 মিলিয়ন ডলারের স্টেট তহবিল বরাদ্দ করা হয়েছে। স্টেটের গৃহহীনদের জন্য আবাসান ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program) মাধ্যমে সমর্থিত, এই প্রকল্পগুলোর মধ্যে এমন উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে যা বয়স্ক, মাদক ব্যবহারজনিত রোগের ইতিহাস রয়েছে এমন ব্যক্তি, বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধী ব্যক্তি, তরুণ প্রাপ্তবয়স্ক এবং গুরুতর মানসিক অসুস্থতায় ভুগছেন এমন ব্যক্তিদের জন্য অতিরিক্ত 332টি ইউনিট তৈরি করবে।

"সকল নিউ ইয়র্কবাসীর নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসনে অ্যাক্সেস প্রাপ্য, এবং দীর্ঘমেয়াদে তাদের জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ রিসোর্স ও সুযোগ-সুবিধা সরবরাহ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "সহায়ক আবাসনে এই কৌশলগত বিনিয়োগ বাস্তবায়নের মাধ্যমে, আমরা আমাদের স্টেটকে আবাসনের ক্ষেত্রে নিরাপত্তাহীনতার মূল কারণগুলো সমাধান করতে সহায়তা করবো এবং যাদের সাহায্য প্রয়োজন তাদের সমর্থন নেটওয়ার্কে অ্যাক্সেস থাকার বিষয়টি নিশ্চিত করবো যার উপর তারা স্থিতিশীলতার জন্য নির্ভর করতে পারে। যেহেতু আমরা নিউ ইয়র্ককে আগের চেয়ে আরো ভালো এবং শক্তিশালী করে তোলার উপর জোর দেয়া অব্যাহত রেখেছি, আমরা প্রতিটি কমিউনিটিকে তাদের উন্নতির জন্য প্রয়োজনীয় পরিষেবায় অ্যাক্সেস থাকা নিশ্চিত করতে সহায়তা করার জন্য অপ্রতিরোধ্য পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রাখবো।"

স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক অফিস (Office of Temporary and Disability Assistance) কর্তৃক পরিচালিত, গৃহহীনদের জন্য আবাসন এবং সহায়তা কর্মসূচি গভর্নর হোকলের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান যা নিউ ইয়র্ক জুড়ে আবাসনকে আরো সাশ্রয়ী মূল্যের, সমতাপূর্ণ ও স্থিতিশীল করে তোলে। 2023 অর্থবছরের জন্য

প্রণীত স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রকল্পটি 2022 অর্থবছরের তহবিলের মাধ্যমে সমর্থিত।

বাজেটটি গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির 128 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল অব্যাহত রাখতে যাতে নতুন সমর্থক আবাসন ইউনিট গঠন করা যায় বা বিদ্যমান জরুরি আশ্রয়কেন্দ্র মেরামত করা যায়। সর্বশেষ বরাদ্দের মাধ্যমে, এই কর্মসূচি 476 ইউনিট স্থায়ী সহায়ক আবাসন, 94 ইউনিট ক্রান্তিকালীন আবাসন, এবং 303টি জরুরি শয্যাবিশিষ্ট আবাসনের জন্য 115.3 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। 303টি জরুরি শয্যাবিশিষ্ট আবাসনের মধ্যে 164টি মেরামতের জন্য এবং 139টি নতুন শয্যা।

যেসব প্রকল্পে তহবিল বরাদ্দ করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- **ব্রেকিং গ্রাউন্ড (Breaking Ground)-কে** জ্যামাইকার কুইন্স অঞ্চলে একটি 15-তলা ভবন নির্মাণের জন্য 5.7 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে, এখানে স্থায়ী সহায়ক আবাসনের 52টি ইউনিট বয়স্ক ব্যক্তিদের জন্য বরাদ্দ করা হয়েছে যাদের গুরুতর মানসিক অসুস্থতা বা মাদক ব্যবহারজনিত ব্যাধি রয়েছে।
- বুদ্ধিবৃত্তিক বা বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিদের সেবার জন্য স্থায়ী সহায়ক আবাসনের আটটি ইউনিট তৈরি করার জন্য **ইথাকা নেবারহুড হাউজিং সার্ভিসেস, ইনক. (Ithaca Neighborhood Housing Services, Inc.)**-কে একটি সাবেক এলিমেন্টারি স্কুল ভবন সংস্কার এবং কায়ুগা ভিলেজে তিনটি টাউনহাউজ নির্মাণের জন্য 2.25 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়া হয়েছে।
- বয়স্ক এবং গুরুতর মানসিক অসুস্থ ব্যক্তিদের সেবার জন্য স্থায়ী সহায়ক আবাসনের 30 ইউনিট তৈরি করার জন্য **ডিপল প্রপার্টিজ, ইনক. (DePaul Properties, Inc.)**-কে স্কেনেক্টেডি শহরে দুইটি ভবন নির্মাণের জন্য 3.49 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়া হয়েছে।
- **প্রজেক্ট রিনিউয়াল, ইনক. (Project Renewal, Inc.)**-কে ব্রঙ্কসে একটি 17-তলা ভবন নির্মাণের জন্য 6 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়া হয়েছে, এখানে স্থায়ী সহায়ক আবাসনের 70টি ইউনিট বয়স্ক ব্যক্তিদের সেবার জন্য যাদের গুরুতর মানসিক অসুস্থতা বা মাদক ব্যবহারজনিত রোগ রয়েছে।
- **CAMBA হাউজিং ভেঞ্চার্স, ইনক. (CAMBA Housing Ventures, Inc.) এবং CAMBA, ইনক. (CAMBA, Inc.)**-কে ব্রুকলিনে স্থায়ী সহায়ক আবাসনের 146টি ইউনিট নির্মাণের জন্য 9.9 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে, যার মধ্যে রয়েছে কারাগার থেকে কমিউনিটিতে পুনরায় প্রবেশকারী ব্যক্তি, গৃহহীন তরুণ, পালক পরিষেবার বয়স পার হয়ে যাওয়া তরুণ এবং দীর্ঘস্থায়ীভাবে গৃহহীন পরিবারের জন্য সংরক্ষিত ইউনিট।

- **ক্রিস্টোফার কমিউনিটি, ইনক. (Christopher Community, Inc.)**-কে মরিসভিলের ম্যাডিসন কাউন্টি শহরে স্থায়ী সহায়ক আবাসনের 20টি ইউনিট তৈরি করার জন্য 2.8 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়া হয়েছে, এই ইউনিটগুলো দুর্বল, প্রতিবন্ধী বা দীর্ঘস্থায়ী সমস্যায় আক্রান্ত প্রবীণদের সেবা প্রদান করবে।
- সংস্থার গৃহহীনদের জন্য জরুরি আশ্রয় এবং হাউজিং সার্ভিসেস সেন্টারের পাশে দীর্ঘস্থায়ীভাবে গৃহহীন থাকা পুরুষদের জন্য **ক্যাথলিক চ্যারিটিজ অফ ওনোনডাগা কাউন্টি (Catholic Charities of Onondaga County)**-কে স্থায়ী সহায়ক আবাসনের ছয়টি ইউনিট নির্মাণের জন্য 1.23 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়া হয়েছে।

অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "সহায়ক আবাসন আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান যা নিউ ইয়র্কবাসীদের জন্য প্রয়োজনীয় স্থায়ী স্থিতিশীলতা প্রদান করে, যার মধ্যে আমাদের মধ্যকার সবচেয়ে ঝুঁকিগ্রস্তরা অন্তর্ভুক্ত রয়েছে। গৃহহীনদের জন্য আবাসন এবং সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program) মাধ্যমে সমর্থিত অন্যান্য প্রকল্পের মতো এই প্রকল্পও গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তি ও পরিবারগুলোর জন্য নতুন আশা সঞ্চার করবে। এই কর্মসূচিতে গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য এবং নিউ ইয়র্কে আবাসনের স্থিতিশীলতাকে তার প্রশাসনের অগ্রাধিকার দেওয়ার জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর রোক্সেন জে. পারসুয়েড বলেন, "গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির মূলধনী তহবিলের এই নতুন রাউন্ড ব্রুকলিনসহ নিউ ইয়র্ক স্টেট জুড়ে 300টিরও বেশি নতুন সহায়ক আবাসন ইউনিট তৈরি করবে। সহায়ক আবাসন হাজার হাজার ঝুকিপূর্ণ প্রাপ্তবয়স্ক এবং পরিবারের জন্য স্থিতিশীলতা, স্বাধীনতা এবং পুনরুদ্ধারের পাশাপাশি একটি নিরাপদ বাড়ি প্রদানের ক্ষেত্রে অত্যন্ত সফল হয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোসেন্থাল বলেন, "নিউ ইয়র্ক একটি গৃহহীনতার সংকটের মধ্যে রয়েছে যেখানে প্রতি রাতে হাজার হাজার মানুষ রাস্তায় এবং আশ্রয়কেন্দ্রে ঘুমায়। নতুন সহায়ক আবাসন ইউনিট তৈরি করে, আমরা সংগ্রামরত নিউ ইয়র্কবাসীদেরকে তাদের নিজের পায়ে দাঁড়ানোর জন্য প্রয়োজনীয় সহায়তা এবং পরিষেবা দিতে পারি। এই সংকটের আশু প্রয়োজনীয়তার পরিপ্রেক্ষিতে, দ্রুত আরো প্রকল্প নির্মাণের জন্য আমাদেরকে অবশ্যই আমাদের ক্ষমতা অনুযায়ী সবরকম ব্যবস্থা নিতে হবে। গভর্নর ঘোষিত 31.5 মিলিয়ন ডলারের স্টেট অর্থায়ন সবচেয়ে বেশি প্রয়োজন এমন ব্যক্তিদের জন্য আরো আবাসন নিশ্চিত করতে আমাদেরকে পথ দেখাবে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইটজ বলেন, "যারা গৃহহীনতার সম্মুখীন হচ্ছেন তাদের জন্য, স্থায়ী সহায়ক আবাসন স্থিতিশীলতা এবং ভবিষ্যতের জন্য আশার দিকে চালিত করে। গৃহহীনতার চক্র কেবল তখনই ভেঙে ফেলা যাবে যখন আমরা অর্থপূর্ণ সমাধান খোঁজার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হবো যা মানুষকে আশ্রয় ব্যবস্থা থেকে দূরে রাখে এবং যথাযথ সহায়তা প্রদান করে যাতে এসব ব্যক্তি আত্মনির্ভরশীলতা এবং আর্থিকভাবে স্থিতিশীলতার পথে এগিয়ে যেতে পারে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "সহায়ক আবাসন নিউ ইয়র্ক সিটিতে আবাসন ও গৃহহীনতার জন্য আমাদের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান, এবং এই তিনটি প্রকল্প তিনটি বরোতে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ, উচ্চ মানের, সাশ্রয়ী মূল্যের আবাসন পেতে সাহায্য করবে। এটি এমন একটি লড়াই যা এই শহর একা করতে পারবে না, এবং আমাদের সাথে ওতপ্রোতভাবে জড়িত সাশ্রয়ী মূল্যের আবাসন ও গৃহহীনতা সংকট মোকাবেলায় সাহায্য করতে সংস্থানের প্রতিশ্রুতি দেওয়ার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস জুনিয়র বলেন, "কুইন্সের প্রত্যেক অধিবাসীর মাথার উপর একটি ছাদ এবং তাদের নিজের বাড়ি বলার মতো একটি বাড়ি থাকার অধিকারের চেয়ে বেশি মৌলিক আর কিছুই নেই। আবাসনের ক্ষেত্রে নিরাপত্তাহীনতায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের নিরাপত্তা ও সুরক্ষায় এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য আমি হোকল প্রশাসনের কাছে এবং মানসিক স্বাস্থ্য বা মাদক ব্যবহারের সমস্যায় ভুগছেন এমন প্রবীণদের জন্য সহায়ক আবাসন সরবরাহের ক্ষেত্রে কাজ করার জন্য ব্রেকিং গ্রাউন্ডের প্রতি বিশেষভাবে কৃতজ্ঞ।"

ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট ভেনেসা গিবসন বলেন, "আমি গভর্নর হোকলের 31.5 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ঘোষণাকে সাধুবাদ জানাই, যা গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের স্থায়ী সহায়ক আবাসন প্রদান করবে এবং বয়স্ক, মাদক ব্যবহারজনিত রোগে আক্রান্ত ব্যক্তি, বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তি, তরুণ প্রাপ্তবয়স্ক এবং গুরুতর মানসিক অসুস্থতায় ভুগছেন এমন ব্যক্তিদের জন্য 332টি ইউনিট সরবরাহ করবে। নিরাপদ ও স্থায়ী আবাসনের প্রয়োজনীয়তা আমাদের শহর ও স্টেট জুড়ে অতীতের যেকোনো সময়ের চেয়ে এখন বেশি রয়েছে, এবং আমরা আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের যত্ন নেওয়ার জন্য পদক্ষেপ গ্রহণ করা অপরিহার্য।"

ব্রুকলিন বরোর প্রেসিডেন্ট অ্যান্টনিও রেনোসো বলেন, "আবাসনের ক্ষেত্রে অস্থিতিশীলতার সম্মুখীন হওয়া ব্যক্তি ও পরিবারগুলোর জন্য সত্যিকারের স্থায়িত্ব ও সমৃদ্ধি তৈরি করার জন্য গৃহহীনতার জন্য দায়ী পরিস্থিতি ও কারণগুলো মোকাবেলা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের প্রিয় ব্রুকলিনের গণ্ডি পেরিয়ে পুরো স্টেটজুড়ে সহায়তামূলক, সাশ্রয়ী আবাসনের জন্য বিনিয়োগ করায় গভর্নর হোকলকে ধন্যবাদ। ব্যক্তি ও পরিবারগুলোর জন্য সমৃদ্ধি অর্জনের একটি ভিত্তি প্রদান করা আমার একটি অগ্রাধিকার এবং আমাদের বরোতে আমি এধরনের সুযোগ সম্প্রসারণ করার প্রত্যাশা রাখি।"

ব্রেকিং গ্রাউন্ড-এর প্রেসিডেন্ট ও CEO ব্রেন্ডা রোজেন বলেন, "কুইন্সের জ্যামাইকাতে প্রবীণদের জন্য 173টি সহায়তামূলক ও সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নিয়ে আসতে পেরে আমরা রোমাঞ্চিত, যা এই বরোতে আমাদের প্রথম স্থায়ী আবাসন প্রকল্প হতে যাচ্ছে। প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিরা গৃহহীনতার সম্মুখীন হওয়া সবচেয়ে দ্রুত গতিতে বৃদ্ধি পাওয়া গ্রুপের মধ্যে রয়েছেন, এবং অরক্ষিত অবস্থায় থাকা ব্যক্তিদের জন্য এক স্থানে থেকে বেড়ে উঠার বিষয়টি বিবেচনায় নিয়ে পরিষেবাসমূহের ব্যবস্থা রাখা হয়েছে এমন সাশ্রয়ী আবাসন অর্জনের সুযোগ সম্প্রসারণ করা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। এবং নিচ তলায় কমিউনিটি

হেলথকেয়ার নেটওয়ার্কের আমাদের উন্নয়ন প্রকল্পের অংশীদারদের দ্বারা পরিচালিত সর্বাধুনিক সুবিধাসম্পন্ন মেডিকেল ক্লিনিকের মাধ্যমে এই কমিউনিটি এবং আমাদের ভাড়াটিয়ারা এই ভবনের মধ্যেই উচ্চ-মানসম্মত সেবার অ্যাক্সেস পাবেন। সহায়তামূলক আবাসনে বিনিয়োগ করার জন্য আমরা গভর্নর হোকল ও স্টেটের প্রতি কৃতজ্ঞ, এবং এই প্রকল্পকে বাস্তব রূপ দেওয়ার জন্য OTDA-এর সঙ্গে অংশীদার হতে পেরে আমরা উচ্ছসিত।"

ইথাকা নেইবারহুড হাউজিং সার্ভিসেস ইনক.-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জোহানা অ্যান্ডারসন বলেন, "ইথাকা নেইবারহুড হাউজিং সার্ভিসেস এমন আবাসন উন্নয়নে সচেষ্ট যা বৃহত্তর কমিউনিটি ভিশনের অংশ হবে। আর একারণে, 255 হুইট স্ট্রিটের পুনঃউন্নয়ন প্রকল্পটির অংশ হতে পেরে আমরা অত্যন্ত গর্বিত যা 47টি সাশ্রয়ী আবাসন সরবরাহ করবে, যেখানে আটটি আবাসন গৃহহীনতার সম্মুখীন এবং বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য সংরক্ষিত রাখা হবে। এই সম্পত্তিটির পূর্ণ সম্ভাবনা কাজে লাগাতে আমরা গ্যাভরাস সেন্টার (Gavras Center) এবং কায়ুগা ভিলেজের সঙ্গে আমাদের অংশীদারিত্ব অব্যাহত রাখার এবং ক্রমশ বৃদ্ধি করার প্রত্যাশা রাখি।"

ডিপল প্রোপার্টিজ-এর প্রেসিডেন্ট মার্ক এইচ. ফুলার বলেন, "স্কেনেকটেডিতে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে মানসম্মত সাশ্রয়ী আবাসন অপশনের চাহিদা পূরণে একজন কমিউনিটি অংশীদার হিসেবে ভূমিকা পালন করতে পেরে ডিপল আনন্দিত। ডিপলকে তহবিলের একটি গুরুত্বপূর্ণ অংশ প্রদানের জন্য আমরা গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাতে চাই, যে তহবিল ঐতিহাসিক ক্রেন স্ট্রিট এলাকার মোজাইক অ্যাপার্টমেন্টস (Mosaic Apartments) প্রকল্পকে বাস্তবে পরিণত করতে সাহায্য করবে। পুনরুজ্জীবীতকরণের একটি প্রচেষ্টার অংশ হতে পেরে এবং অভাবী মানুষদেরকে আবাসন প্রদান করতে পেরে আমরা অত্যন্ত গর্বিত। এটি প্রগতি ও কার্যকর অংশীদারিত্বের একটি উদাহরণ।"

প্রজেক্ট রিনিউয়াল-এর প্রেসিডেন্ট ও CEO এরিক রোজেনবাউম বলেন, "স্বাস্থ্য ও আবাসন সুবিধা একীভূত করার মাধ্যমে আমাদের ভাড়াটিয়াদের কল্যাণ নিশ্চিত করার প্রতি প্রজেক্ট রিনিউয়ালের অঙ্গীকারাবদ্ধতাই আমাদের LEED-সনদপ্রাপ্ত বেডফোর্ড গ্রিন হাউজ (Bedford Green House) উন্নয়ন প্রকল্পের চালিকাশক্তি হিসেবে কাজ করছে। বেডফোর্ড গ্রিন হাউজ অন-সাইট সামাজিক পরিষেবা, একটি রুফটপ গ্রিনহাউজ ও অ্যাকুয়াফোনিক্স ফার্ম, এবং পরিবেশগত ও ব্যক্তিগত সুস্থতার প্রসার ঘটায় এমন অন্যান্য সুযোগ-সুবিধা নিয়ে ভাড়াটিয়াদের সমৃদ্ধির জন্য ক্ষমতায়ন করছে। বেডফোর্ড গ্রিন হাউজের দ্বিতীয় পর্যায়, যার মধ্যে একটি মেডিকেল ক্লিনিক, একটি লাইব্রেরি, এবং আরো বাড়তি অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে, যা ব্রঙ্কসে আরো বেশি অতি প্রয়োজনীয় আবাসন ও পরিষেবা নিয়ে আসবে, সম্পন্ন করার জন্য স্টেটের গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির তরফ থেকে এই অনুদানের জন্য আমরা কৃতজ্ঞ।"

ক্যাথলিক চ্যারিটিজ অব ওনোনডাগা কাউন্টি-এর এক্সিকিউটিভ ডিরেক্টর মাইকেল এফ. মেলারা বলেন, "গৃহহীন অবস্থায় থাকা ব্যক্তিদের জন্য নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি নিরাপদ, স্থিতিশীল স্থান নিশ্চিত করা সিরাকিউসে একটি সুস্পষ্ট প্রয়োজন হয়ে দেখা দিয়েছে। ক্যাথলিক চ্যারিটিজ অব ওনোনডেগা কাউন্টির আবাসন

পরিষেবা কেন্দ্র (Housing Services Center) আমাদের কমিউনিটির সবচেয়ে অরক্ষিত মানুষদের আতিথেয়তা ও সহায়তামূলক পরিষেবাসমূহ প্রদান করবে। স্টেটের হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স কর্পোরেশন (Homeless Housing and Assistance Corporation) থেকে পাওয়া এই অনুদান আমাদেরকে নিরাপদ ও স্থিতিশীল আবাসনের প্রয়োজন থাকা অরক্ষিত ব্যক্তিদের জন্য স্থায়ী আবাসন প্রদানের সুযোগ করে দেবে। আমরা এই প্রকল্পে গভর্নর হোকলের থেকেই প্রাপ্ত সমর্থনের জন্য কৃতজ্ঞ, তিনি আমাদের স্টেটে গৃহহীনতার ব্যাপারে কাজ করে তা হ্রাস করাকে তার প্রশাসনের জন্য অগ্রাধিকার করেছেন।"

CAMBA হাউজিং ভেনচার্স, ইনক. এবং CAMBA, ইনক.-এর প্রেসিডেন্ট ও CEO জোয়ান এম. অপ্পাসটিল বলেন, "ভাইটাল ব্রুকলিন (Vital Brooklyn) উদ্যোগের আওতায় আমাদের সাশ্রয়ী ও সহায়তামূলক দ্বিতীয় আবাসন প্রকল্প, ক্লার্কসন এস্টেটস (Clarkson Estates) এর জন্য নিউ ইয়র্ক স্টেটের গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির সঙ্গে অংশীদার হতে পেরে CAMBA হাউজিং ভেনচার্স গর্বিত। ভাইটাল ব্রুকলিন উদ্যোগ হচ্ছে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করার মাধ্যমে সেন্ট্রাল ব্রুকলিনকে সামগ্রিকভাবে সেবা প্রদান করার জন্য গভর্নরের পরিকল্পনা। ক্লার্কসন এস্টেটস সহায়তামূলক পরিষেবাসম্পন্ন উচ্চ-মানের সাশ্রয়ী ও টেকসই আবাসন প্রদান করবে যা অধিবাসীদের একটি স্বাস্থ্যকর, স্থিতিশীল, ও নান্দনিক বাড়ি প্রদান করবে। ব্রুকলিনের ফ্ল্যাটবুশে 216 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ অধিবাসীদের জন্য অনসাইট কেস ব্যবস্থাপনা পরিষেবা প্রদান করবে এবং এই এলাকায় স্বাস্থ্যকর ও সংযুক্ত কমিউনিটি তৈরি করতে বিস্তৃত কমিউনিটি ফ্যাসিলিটি কর্মসূচির ব্যবস্থা করবে।"

ক্রিস্টোফার কমিউনিটি, ইনক.-এর প্রেসিডেন্ট ও CEO জাস্টিন রাডগিক বলেন, "নিউ ইয়র্কের মরিসভিলে আমাদের নতুন কমিউনিটি ভিউ অ্যাপার্টমেন্টস (Community View Apartments) প্রকল্পের জন্য 2.7 মিলিয়ন ডলারের অনুদান সরবরাহ করায় আমি ক্রিস্টোফার কমিউনিটি, ইনক.-এর পক্ষ থেকে গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচিকে ধন্যবাদ জানাতে চাই। HHAP-এর সঙ্গে এই সহযোগিতার সম্পর্ককে আমরা অত্যন্ত সাধুবাদ জানাই, এবং ম্যাডিসন কাউন্টিতে এই নতুন উন্নয়ন প্রকল্পটি বাস্তব রূপ নিতে দেখার এই সময়ে NYS HCR সহ আমাদের অর্থায়নকারী অংশীদারদের সবার প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচিটি লাভের উদ্দেশ্যহীন কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন ও পৌরসভাগুলিকে সেই সকল মানুষের জন্য বাসস্থান অর্জন, নির্মাণ করতে বা পুনর্বাসন দিতে মূলধনী অনুদান ও ঋণ প্রদান করে যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত বাসস্থান পেতে অক্ষম। OTDA কর্মীদের দ্বারা পরিচালিত একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন, নিউ ইয়র্ক স্টেট হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স কর্পোরেশন (New York State Homeless Housing and Assistance Corporation) কর্তৃক একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মধ্য দিয়ে এই তহবিল প্রদান করা হয়েছে।

এই কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সহায়ক আবাসনের উন্নয়নের লক্ষ্যে 1.4 বিলিয়ন ডলারের বেশি বরাদ্দ করেছে। কর্মসূচিটি গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারগুলিকে সহায়তা করার জন্য মোট 24,000টিরও বেশি আবাসন ইউনিট তৈরি করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418